উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-০৮

তারিখঃ ১৮ ফেব্রুয়ারি '২০২৬খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২৬ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৫ ফেব্রুয়ারি '২০২৬ খ্রিঃ তারিখ বুধবার বেলা ২.৩০ টায় উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. বিবিধ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০২৪৭৭৭৭১৯১৬
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
২। উপজেলা ----------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। প্রশাসক/চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদের ফেব্রুয়ারি [illegible] সাধারণ সভার উপস্থিতি

সভাপতি :- জনাব দুপালী সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ [illegible]

তারিখ ও সময় :- ২৫/০২/২০২৬ খ্রিঃ বুধবার বেলা ৩.৩০ [illegible]

স্থান :- উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত জনপ্রতিনিধীগনের স্বাক্ষর :

১। প্রশাসক, পৌরসভা বাজারপাড়া →

২। চেয়ারম্যান, জহুরপুর ইউপি →

৩। " বন্দবিলা " →

৪। প্যানেল চেয়ারম্যান রায়পুর ইউপি →

৫। চেয়ারম্যান নারিকেলবাড়ীয়া " →

৬। " কলগ্রাম " →

৭। " দোয়াকুলা " →

৮। " দরাজখাটি " →

৯। " বাসুয়াড়ী " →

১০। " জামদিয়া " →

সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগনের স্বাক্ষর উপস্থিতির ক্রমানুযায়ী

১। ডা. শামছুল আরফিন - উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া - [signature]

২। সাইয়েদা নাসরিন জাহান - উপজেলা কৃষি অফিসার [signature]

৩। হাসিদা পারভীন, উপজেলা আনসার ও ভিডিপি - কর্মকর্তা, বাঘারপাড়া. হাসিদা ২৫/০২/২৫

৪। মো: রবিউল ইসলাম, সমবায় অফিসার পক্ষে - [signature]

৫। অন্তরা সরকার, উ: স: প্র:, ডা: স্বা: প্র: অধি, বাঘারপাড়া - [signature]

৬। ওয়ালিদ হোসেন রুম্মান — উপজেলা মৎস্য অফিসার [signature]

৭। মোঃ মুশফিকুর রহমান — উপজেলা শিক্ষা অফিসার [signature]

৮। ইসতিয়াক আহমেদ PIO

৯। মো: আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী — [signature]

১০। মো: রেজাউল করিম তারাপাট, উপজেলা পুরাতন সহকারী — [signature]

১১। মো: শফিকুল ইসলাম অফিস সহকারী সহিলা চিকিৎসক - [signature] ২৫/২/২৫

১২। বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা - [signature] ২৫/২/২

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভুপালী সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৫ ফেব্রুয়ারি ২০২৬খ্রিঃ, বুধবার, বেলা-২.৫০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব আব্দুল জলিল, প্যানেল চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ শামছুর রহমান, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০৩) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০২) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০১) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ রবিউল ইসলাম, উপজেলা সমবায় কর্মকর্তা এর পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব অন্তরা সরকার, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব ওয়ালিদ হোসেন রুম্মান, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব শেখ মুশফিকুর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ রেজাউল করিম তরফদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব শফিকুল ইসলাম,অফিস সহকারী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব ডা: অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব ডাঃ মোঃ আবু বকর সিদ্দিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৫) মোঃ আব্দুল কদ্দুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরূপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।গ্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) স্থায়ী কমিটির সভার কোনরুপ কার্যবিবরণী পাওয়া যায়নি।	বিধি মোতাবেক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সদস্য-সচিব, স্থায়ী কমিটি(সকল)।
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন) তহবিলের আওতায় গৃহিত প্রকল্প সংক্রান্তঃ** ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এর আওতায় এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থের বিপরীতে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের কাজ চলমান আছে।	(ক) দ্রুততার সহিত কাজ বাস্তবায়ন শেষ করার জন্য ঠিকাদারদের তাগিদ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	ক)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী
০৫.	আর্থিকঃ **(উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) জানুয়ারি-২০২৬ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ভোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ভোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** **(ক) উপজেলাধীন বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীদের বদলীকালীন প্রত্যায়ন গ্রহণ সংক্রান্তঃ** উপজেলা পরিষদ সভায় জানানো হয় যে, অনেক কর্মকর্তা/কর্মচারী উপজেলা পরিষদের বাসা-বাড়ি অথবা ডরমেটরিতে অবস্থান করে কিন্তু অনেক সময় তারা বদলী জনিত কারনে উক্ত বাসা বা ডরমেটরি ছেড়ে ভাড়া/বিদ্যুত বিল বকেয়া রেখে বাতিলের আবেদন না করেই কাউকে কিছু না জানিয়ে গোপনে চলে যায়। বর্নিত কাজটি সরকারি চাকুরী বিধি লঙ্ঘন। যার কারনে উপজেলা পরিষদের রাজস্ব আদায়ে সমস্যা সৃষ্টি হচ্ছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বলা হয় এখন থেকে উপজেলাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের এলপিসি প্রদানের ক্ষেত্রে উপজেলা হিসাবরক্ষণ দপ্তর কর্তৃক যেন উক্ত কর্মকর্তা/কর্মচারীর নিকট উপজেলা পরিষদের কোনরুপ দায়-দেনা আছে কিনা সে সংক্রান্ত প্রত্যায়ন প্রশাসক, উপজেলা পরিষদের নিকট হতে গ্রহণপূর্বক এলপিসি প্রদান করে। এ বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়।	(ক) কর্মকর্তা/কর্মচারীদের এলপিসি প্রদানের ক্ষেত্রে উপজেলা পরিষদের কোনরুপ দায়-দেনা আছে কিনা সে সংক্রান্ত প্রত্যায়ন গ্রহণপূর্বক এলপিসি প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	(ক) ও (খ) উপজেলা প্রকৌশলী

খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যপত্র থেকে জানা যে, উপজেলা স্বাস্থ্য কমপেক্সক্স এর বহিঃ বিভাগ থেকে ৯২৮৭ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৪২০ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৮১০ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ২৪ জন, ১০ জন সিজারিয়ান করা হয়। ৮০ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ১৫২০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৪৫৫ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১১৪০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধানের বীজতলায় বীজ বপন শুরু হয়েছে। সরিষা-২৮৩০ হেক্টর, শীতকালীন সবজি- ৫৪৩ হেক্টর, মসুর-১০৬ হেক্টর, আখ-৮৩ হেক্টর আবাদ হয়েছে। ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন সহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক মনিটরিং করছেন। চলতি মাসে ইউরিয়া-৩৮৬ মেঃটন, টিএসপি-৫৬ মেঃ টন, ডিএপি-৩১০ মেঃ টন এবং এমওপি-২১১ মেঃ টন মজুদ রয়েছে। উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার ও উপসহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক সারের বাজার মনিটরিং করছেন। সারের উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। সারের কোথাও কোন ঘাটতি নাই। প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া উপসহকারী কৃষি কর্মকর্তাদেরকে মাঠ পর্যায়ে কার্যক্রম বৃদ্ধি করার নির্দেশনা প্রদানের জন্য বলা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা সহকারি মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁদের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। এছাড়া ২৫ জন চাষীকে মৎস্য চাষ বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে। নিয়মিত মাছ বাজার পরিদর্শনের আওতায় বঘারপাড়া মাছ বাজার পরিদর্শন করা হয়েছে। ৩ টি ক্যাটগরি ৪(ক) মৎস্য খাদ্য বিক্রয় লাইসেন্স নবায়ন করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত মাসে ১। উৎপাদন: ক. দুধ-২৪৫০.৬০ মে.টন, খ. ডিম-৫৫লক্ষ, গ. মাংস-৭৪০.৪০ মে.টন, ঘ. সংকর জাতের বাছুর উৎপাদন-৪৮৩টি, ২। রোগপ্রতিরোধ: ক. গবাদি পশুর টিকা প্রদান-৪৭৪৫মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৮০০০০ মাত্রা, গ.ডিজিজ সার্ভিলেন্স-০২টি, ঘ.রোগ অনুসন্ধান ও নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-১০টি, ৩.চিকিৎসা, ক. গবাদিপশুর চিকিৎসা প্রদান-২৩৮৭ টি, খ. হাঁসমুরগির চিকিৎসা প্রদান-৯৩৫৭টি, গ. পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ০৬ টি, ঘ . ফ্রিভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১টি, ৪.মানব সম্পদ উন্নয়ন--- ক. প্রশিক্ষণ-০০জন, খ. উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৪ টি, ৫. খামার পরিদর্শন- ১২টি , ৬. পরিবেশ সুরক্ষা/ঘাস উৎপাদনঃ ২.০০একর, ৭.মাসিক বার্তাঃ অ্যানথ্রাক্স/তড়কা রোগে ভীতি নয়, প্রয়োজন সচেতনতা ৮. সরকারি এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ) আয়, ক. টিকাবীজ বিক্রয়- ২৪০০০/- , খ. কৃত্রিম প্রজনন- ৭৫১০০/- ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যায় যে, ২০২৬ শিক্ষা বর্ষের প্রাক-প্রাথমিক হতে ৫ম শ্রেণির বিনামূল্যের পাঠ্য পুস্তক বিদ্যালয়ে প্রদান করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভোটকেন্দ্রগুলোতে মেরামত ও সিসি ক্যামেরা স্থাপনের কাজ চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ.পল্লী [illegible] বিভাগ:	উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৮৫ টি দল/সমিতিরি ২৩০০ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০০.০০ কোটি টাকা। চলতি আর্থিক বছরে ৩৪৫ জন সদস্যর মধ্যে ২১৭.২৫.০০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ১৮৮.৮৫ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া উচ্চ মূল্যের পুষ্টি সমৃদ্ধ অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির ৯০ জন সদস্যকে ২৪.০৪ লক্ষ টাকা ৮% সেবামূল্যে ঋণ বিতরণ করা হয়েছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ডিসেম্বর-২৫ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। চলতি অর্থ বছরে ২৩জনের মধ্যে মোট যুব ঋণ হিসাবে ২০১৫০০০/- টাকা প্রদান করা হয়েছে। সার্বিক আদায় হার ৯২% । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যপত্র সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৩৯টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০টি ও ১২ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং দাপ্তরিক কার্যপত্র প্রদান করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত জানান যে, টি,আর ও কাবিখা চলমান আছে। এছাড়া শুকনা খাবার ও কম্বলের উপবরাদ্দ পাওয়া গেছে, খুব শীঘ্রই বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	দ্রুততার সহিত কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল [illegible]দপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, PSWSC প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত ২৩৪ টি নলকূপের মধ্যে ২৩০ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে ও ২০০ টি সাবমার্সিবল পাম্প বসানো হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত ১০৮ টি নলকূপের মধ্যে ১০৮ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে ও সাবমার্সিবল পাম্প বসানোর কাজ সমাপ্ত। খুব শীঘ্রই বাকি কাজ সম্পন্ন হবে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	(ক) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ জানান যেকোন সময় নির্বাচনি তফশীল ঘোষনা হবে সেহেতু উপস্থিত সকলকে আসন্ন নির্বাচন কালীন সময়ে সার্বিক সহযোগিতার আহবান জানান।	(ক) আসন্ন নির্বাচন কালীন সময়ে সার্বিক সহযোগিতার আহবান জানান।	(ক) সংশ্লিষ্ট সকল

সভাপতি মহোদয় সকলকে সময়মত কর্মক্ষেত্রে উপস্থিত হওয়ার আহবান জানান। অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

তুপালী সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-১০ **তারিখঃ ২৫- ০২-২০২৬ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা ..... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

ভূপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।